

ইবি শিক্ষার্থীদের ২৭ সেপ্টেম্বরের মধ্যে টিকার নিবন্ধনের আহ্বান

১৭ সেপ্টেম্বর ২০২১:

আগামী ২৭ সেপ্টেম্বরের মধ্যে ইসলামী বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষার্থী-কর্মকর্তা-কর্মচারীকে টিকার রেজিস্ট্রেশন সম্পন্ন করে টিকা নিতে বলা হয়েছে।

যে সকল শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) নেই, তাদেরকে আগামী ২৭ সেপ্টেম্বরের মধ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রদত্ত ওয়েব সাইটে(<https://univac.ugc.gov.bd/>) জন্মনিবন্ধন সনদ দিয়ে টিকার রেজিস্ট্রেশন/নিবন্ধন সম্পন্ন করতে হবে।

জাতীয় পরিচয়পত্রধারী যেসব শিক্ষক-শিক্ষার্থী-কর্মকর্তা-কর্মচারী এখনও টিকার নিবন্ধন করেননি তাদেরকেও একই সময়ের মধ্যে জরুরী ভিত্তিতে সরাসরি সুরক্ষা অ্যাপে নিবন্ধন করে টিকা গ্রহন নিশ্চিত করতে বলা হচ্ছে।

(সংবাদ বিজ্ঞপ্তি)